গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের কার্যালয়
মানিকগঞ্জ।

## অফিস আদেশ

অফিস আদেশ নং- ১১০ /জি তারিখ ঃ ১৬-০৪-২০১৮ খ্রীঃ।

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগ, বিচার শাখা-১, ঢাকা এর প্রজ্ঞাপন নং ১০.০০.০০০০.১২৫.০১১.০৩.১৪.২৭২ মোতাবেক বেগম রওশন জাহান, জেলা লিগ্যাল এইড কর্মকর্তা, মানিকগঞ্জ-কে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত বদলীক্রমে মানিকগঞ্জ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসিতে জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট হিসাবে নিয়োগ প্রদান করায় তিনি অদ্য ১৬-০৪-২০১৮ খ্রিঃ তারিখ অপরাহ্নে অত্র ম্যাজিস্ট্রেসিতে জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট হিসাবে যোগদানের নিমিত্তে যোগদান পত্র দাখিল করিয়াছেন। তাহার যোগদান পত্র গ্রহণান্তে অদ্য অপরাহ্নে তাহাকে যোগদানের অনুমতি প্রদান করা হইল। তাহাকে অত্র ম্যাজিস্ট্রেসীর আদালত নং-০৭ এর শূন্য পদে পদায়ন করা হইল এবং উক্ত আদালতের অতিরিক্ত দায়িত্ব প্রাপ্ত সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট জনাব শাকিল আহমদ এর নিকট হইতে সমুদয় দায়িত্বভার গ্রহণের নির্দেশ দেওয়া হইল। অত্র কার্যালয়ের বিগত ২১/১২/২০১৭খ্রিঃ তারিখের ১৫৭(জি) নং আদেশ আংশিক সংশোধনক্রমে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত তিনি তাহার নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসাবে অত্র ম্যাজিস্ট্রেসীর ০৮ নং আদালতের সমুদয় দায়িত্ব পালন করিবেন।

সংশ্লিষ্ট সকলকে অবগত করানো হউক।

স্বা/ঃ-
(আবু জাফর মোঃ কামরুজ্জামান)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
মানিকগঞ্জ।

স্মারক নং-সিজেএম/মানিক/জেএম- ৪৪৮(১৩)/১৮ তারিখ ঃ ১৬-০৪-২০১৮ খ্রীঃ।

আদেশের অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) ঃ

১। মাননীয় সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৩। মাননীয় সিনিয়র জেলা ও দায়রা জজ, মানিকগঞ্জ।

আদেশের অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হইল ঃ

৪। জনাব শাকিল আহমদ, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, মানিকগঞ্জ।
৫। বেগম রওশন জাহান, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, মানিকগঞ্জ।
৬-৯। সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, আদালত নং-৩/৫/৭/৮, মানিকগঞ্জ।
১০-১১। ভারপ্রাপ্ত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নেজারত/হিসাব বিভাগ, অত্র ম্যাজিস্ট্রেসী, মানিকগঞ্জ।
১২। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, মানিকগঞ্জ।
১৩। অফিস কপি।

(আবু জাফর মোঃ কামরুজ্জামান)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
মানিকগঞ্জ।